

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য সেবা বিভাগ
প্রশাসন-১ অধিশাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.hsd.gov.bd

স্মারক নং-স্বাসেবি/প্রশা-১/পিএইচ/২সি-১/২০০৪/১৮০৯

তারিখঃ ০৯ ডিসেম্বর ২০১৯ খ্রিস্টাব্দ
২৪ অগ্রহায়ণ ১৪২৬ বঙ্গাব্দ

বিষয়ঃ স্বাস্থ্য সেবা বিভাগের নিয়ন্ত্রণাধীন রাজশাহী মেডিকেল কলেজ হাসপাতাল, রাজশাহী ও মডেল পরিবার পরিকল্পনা ক্লিনিক কার্যালয়ে সরাসরি নিয়োগযোগ্য ৩য় শ্রেণির (১১-১৭ গ্রেড) ১৮টি শূন্য পদে জনবল নিয়োগের অনুমতি প্রদান।

সূত্রঃ (১) স্বাস্থ্য সেবা বিভাগের স্মারক নং-স্বাসেবি/প্রশা-১/পিএইচ/২সি-১/২০০৪/১৬০৬, তারিখ: ৩০/১০/২০১৯ খ্রি:

(২) রাজশাহী মেডিকেল কলেজ হাসপাতালের স্মারক নং- রামেকহা/প্রশা/১৯/৫১৭১, তারিখঃ ১৪/১১/২০১৯খ্রিঃ।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, স্বাস্থ্য সেবা বিভাগের নিয়ন্ত্রণাধীন রাজশাহী মেডিকেল কলেজ হাসপাতালের ৩য় শ্রেণির (১১হতে ১৭ গ্রেড) ০৯টি শূন্য পদে জনবল নিয়োগের লক্ষ্যে গত ১৮/০৯/২০১৮ তারিখের স্বাসেবি/প্রশা-১/পিএইচ/২সি-১/২০০৪/১২৮৯ সংখ্যক স্মারকে ছাড়পত্র প্রদান করা হয়। পরবর্তীতে ১নং সূত্রোক্ত স্মারকে ৩য় শ্রেণির (১১হতে ১৭ গ্রেড) বিভিন্ন ক্যাটাগরির ১৮ টি পদে জনবল নিয়োগের ছাড়পত্র প্রদান করা হয়। উক্ত ১৮টি পদের মধ্যে ১৮/০৯/২০১৮ তারিখে ছাড়কৃত ০৯টি অন্তর্ভুক্ত ছিল, যা হাসপাতাল কর্তৃপক্ষ কর্তৃক ছাড়পত্র প্রদানের প্রস্তাবে স্বাস্থ্য সেবা বিভাগকে অবহিত করা হয়নি।

২। এমতাবস্থায়, ২নং সূত্রোক্ত স্মারকের পরিপ্রেক্ষিতে জনপ্রশাসন মন্ত্রণালয়ের ২৪/১১/২০১০ তারিখের ০৫.১৬৬.০২২.০০.০০.০৪৪.১৯৮৮-১৩৫৬ (২৫০) সংখ্যক পরিপত্রের নির্দেশনা/শর্ত মোতাবেক প্রচলিত সকল বিধি বিধান অনুসরণসহ নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে ১নং সূত্রোক্ত স্মারকে ছাড়কৃত ৩য় শ্রেণির (১১-১৭ গ্রেড) ১৮টি শূন্য পদে বিজ্ঞ আদালতের কোন আদেশ দ্বারা বারিত না হলে জনবল নিয়োগের অনুমতি প্রদান করা হল ও নিয়োগের বিষয়ে পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলঃ


প্রতিষ্ঠানের নাম	ক্রমিক নং	পদের নাম	প্রস্তাবিত পদের সংখ্যা	ছাড়কৃত পদের সংখ্যা	মন্তব্য/ছাড়পত্র না দেয়ার কারণ
রাজশাহী মেডিকেল কলেজ হাসপাতাল, রাজশাহী	১	সাঁট মুদ্রাক্ষরিক কাম কম্পিউটার অপারেটর	০১	০১	
	২	অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক	০৫	০৪	০১টি পদ পদোন্নতির মাধ্যমে পুরণযোগ্য
	৩	ওয়ার্ড মাষ্টার	০২	০২	
	৪	লিফট সেকার	০১	০১	
	৫	টেলিফোন অপারেটর	০২	০২	
	৬	টেইলর	০২	০১	
	৭	কার্পেন্টার	০১	০১	
	৮	লিনেন কিপার	০১	০১	
	৯	ড্রাইভার	০১	০১	
মডেল পরিবার পরিকল্পনা ক্লিনিক	১০	অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক	০১	০১	
	১১	ড্রাইভার	০১	০১	
	১২	রিসিপসনিস্ট	০১	০১	
			সর্বমোট ১৯টি	সর্বমোট ১৮টি	

চলমান পাতা-২

শর্তাবলী:

- (১) সকল আনুষ্ঠানিকতা গালনসহ 'বাংলাদেশ স্বাস্থ্য বিভাগীয় নন-মেডিকেল কর্মচারি নিয়োগ বিধিমালা, ২০১৮' ও প্রচলিত সকল বিধি-বিধান যথাযথভাবে অনুসরণ করতে হবে;
- (২) অস্থায়ী পদসমূহ (যদি থাকে) হালনাগাদ সংরক্ষণ করতে হবে;
- (৩) পদোন্নতিযোগ্য/বদলিজনিত/চাকুরিচ্যুতিজনিত কারণে শূন্য পদে এবং আউট সোর্সিং এর মাধ্যমে পূরণযোগ্য পদে সরাসরি জনবল নিয়োগ করা যাবে না;
- (৪) জনবল নিয়োগের ১৫ কার্য দিবসের মধ্যে স্বাস্থ্য সেবা বিভাগকে আবশ্যিকভাবে অবহিত করতে হবে;
- (৫) প্রাপ্ত প্রস্তাবে শূন্য পদে সংখ্যায় এবং অন্যান্য তথ্যে কোন গরমিল/ভারতম্য পরিলক্ষিত হলে সেক্ষেত্রে নিয়োগকারী কর্তৃপক্ষ এবং স্ব স্ব প্রতিষ্ঠানের তথ্য প্রদানকারী কর্মকর্তা দায়ী থাকবেন;
- (৬) পদের বিরুদ্ধে মামলা থাকলে জনবল নিয়োগ করা যাবে না;
- (৭) সাংগঠনিক কাঠামো ও পদসৃজনের আদেশে অবশ্যই প্রস্তাবিত পদ থাকতে হবে। তবে, পদ সৃজনের আদেশে পদ থাকলে ২০১৮ সালে সংশ্লিষ্ট নিয়োগ বিধিমালায় তফসিলে উক্ত পদ না থাকলে নিয়োগ দেয়া যাবে না;
- (৮) ২০১৮ সালে প্রণীত নিয়োগ বিধিমালায় নেই এমন কোন পদে নিয়োগ দেয়া যাবে না এবং জনপ্রশাসন মন্ত্রণালয়ের নির্দেশনা অনুযায়ী সরাসরি নিয়োগযোগ্য প্রতিটি পদের ক্ষেত্রে শূন্য পদের মধ্যে ১০% পদ সংরক্ষণ রাখতে হবে;
- (৯) বাংলাদেশ স্বাস্থ্য বিভাগীয় নন-মেডিকেল কর্মচারি নিয়োগ বিধিমালা, ২০১৮ অনুসারে নিয়োগের জন্য প্রস্তাবকৃত শূন্য পদ, পদোন্নতিযোগ্য পদ, পদ সৃজন, মামলা মোকদ্দমা ইত্যাদি যাচাই/বাছাই করে নিয়োগ প্রদানের শর্তে ছাড়পত্র প্রদান করা হল।

৩। বর্তমানে ছাড়কৃত ১৮টি পদের মধ্যে স্বাস্থ্য সেবা বিভাগের ১৮/০৯/২০১৮ তারিখের স্বাসেবি/প্রশা-১/পিএইচ/২/সি-১/২০০৪/১২৮৯ সংখ্যক স্মারকে ছাড়কৃত ০৯টি পদ অন্তর্ভুক্ত থাকায় উক্ত স্মারকের কার্যকারিতা এতদ্বারা বাতিল করা হল।



(শাহিনা খাতুন)

যুগ্মসচিব

ফোনঃ ৯৫৭৭৯৮৫

admin1@hsd.gov.bd

পরিচালক

রাজশাহী মেডিকেল কলেজ হাসপাতাল

রাজশাহী।

অনুলিপিঃ

- ১। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা [দৃষ্টি আকর্ষণঃ পরিচালক (প্রশাসন)]।
- ২। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৩। সচিবের একান্ত সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৪। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৫। অতিরিক্ত সচিব (অভ্যন্তরীণ প্রশাসন ও শৃঙ্খলা) এর ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।